গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

স্মারক নং-১৫.৫৬.০০০০.০০১.১১.০০১.৯৯ (অংশ-২)-৯৫৯ তারিখ : ২৫.০৭.২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণযোগাযোগ অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত গ্রেড-১৩ থেকে গ্রেড-২০ পর্যন্ত (৩য় ও ৪র্থ শ্রেণি) নিম্নোক্ত স্থায়ী পদে অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী শুধু বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩, বেতনস্কেল<br>টা: ১১,০০০-২৬,৫৯০/- | ০২<br>(দুই) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) বাংলা ও ইংরেজি সাঁটলিপি প্রতি মিনিটে গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ। বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ। | **মানিকগঞ্জ, বান্দরবান, চাঁদপুর, জয়পুরহাট, কুড়িগ্রাম, চুয়াডাঙ্গা ও ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।**<br><br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২. | উর্ধ্বতন কণ্ঠশিল্পী<br>গ্রেড-১৩, বেতনস্কেল<br>টা: ১১,০০০-২৬,৫৯০/- | ০৭<br>(সাত) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংগীতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত বোর্ড হতে সংগীতে ডিপ্লোমা;<br>(খ) সুর সংযোজন ও কণ্ঠদানে পারদর্শিতা;<br>(গ) সুললিত ও মিষ্টি কণ্ঠের অধিকারী;<br>(ঘ) গণজমায়েত অথবা কোনো সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশনায় বা কণ্ঠদানে সক্ষম এবং<br>(ঙ) গানের মাধ্যমে কর্মসূচি প্রচারের অভিজ্ঞতা। | |
| ৩. | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪, বেতনস্কেল<br>টা: ১০,২০০-২৪,৬৮০/- | ০৫<br>(পাঁচ) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) বাংলা ও ইংরেজি সাঁটলিপি প্রতি মিনিটে গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ। বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ। | |
| ৪. | সাউন্ড মেকানিক<br>গ্রেড-১৪, বেতনস্কেল<br>টা: ১০,২০০-২৪,৬৮০/- | ০৫<br>(পাঁচ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রনিক্স ও ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং<br>(খ) ইলেকট্রনিক্স ও পিএ যন্ত্রপাতি এবং সিনেমা যন্ত্রপাতি মেরামত বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ৫. | ড্রাইভার<br>গ্রেড-১৫, বেতনস্কেল<br>টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ৩৫<br>(পঁয়ত্রিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী মোটরগাড়ি চালনার লাইসেন্স;<br>(গ) ড্রাইভিং এর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(ঘ) গাড়ি চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ৬. | এম, এল, সারেং<br>গ্রেড-১৫, বেতনস্কেল<br>টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ০১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইনল্যান্ড মেকানিক্যাল প্রপেল ভেসেলস সারেং হিসাবে যোগ্যতার সার্টিফিকেট এবং<br>(গ) মোটর লঞ্চ চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ৭. | এম, এল, ড্রাইভার<br>গ্রেড-১৫, বেতনস্কেল<br>টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ০১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে মোটর লঞ্চ চালনায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সার্টিফিকেট এবং<br>(গ) মোটর লঞ্চ চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬, বেতনস্কেল<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৪১<br>(এক চল্লিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | **মানিকগঞ্জ, বান্দরবান, চাঁদপুর, জয়পুরহাট, কুড়িগ্রাম, চুয়াডাঙ্গা ও ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।**<br><br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ৯. | ঘোষক<br>গ্রেড-১৬, বেতনস্কেল<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৪২<br>(বিয়াল্লিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) স্পষ্ট ও সুমিষ্ট কণ্ঠস্বরসহ ঘোষণায় পারদর্শিতা;<br>(গ) ঘোষণার বার্তা তৈরি করার দক্ষতা এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ১০. | ডায়নামো মেকানিক<br>গ্রেড-১৬, বেতনস্কেল<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে বৈদ্যুতিক বা মেকানিক এ ২ (দুই) বছরের ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং<br>(খ) সকল প্রকার বৈদ্যুতিক যন্ত্রপাতি বিশেষ করে তৈল বা গ্যাসচালিত ইঞ্জিন, ডায়নামো এবং জেনারেটর মেরামতের কাজে অন্যূন ২ (দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ১১. | ফ্লুট প্লেয়ার<br>গ্রেড-১৬, বেতনস্কেল<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গান বা সুরের তাল-লয় ও রাগ সম্পর্কে জ্ঞান এবং<br>(গ) বংশীবাদক হিসেবে বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ১২. | সহকারী সাইন অপারেটর<br>গ্রেড-১৮, বেতনস্কেল<br>টা: ৮,৮০০-২১,৩১০/- | ০১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজের অভিজ্ঞতা;<br>(গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা এবং<br>(ঘ) জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের অভিজ্ঞতা। | **রাঙ্গামাটি ও মাগুরা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।**<br><br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ১৩. | এ,পি,এ,ই অপারেটর<br>গ্রেড-১৮, বেতনস্কেল<br>টা: ৮,৮০০-২১,৩১০/- | ৯১<br>(একানব্বই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজের অভিজ্ঞতা;<br>(গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা এবং<br>(ঘ) জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের অভিজ্ঞতা। | |
| ১৪. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, বেতনস্কেল<br>টা: ৮,২৫০-২০,০১০/- | ১১৩<br>(একশত তেরো) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। | |
| ১৫. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০, বেতনস্কেল<br>টা: ৮,২৫০-২০,০১০/- | ৪৭<br>(সাতচল্লিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। | |
| ১৬. | পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০, বেতনস্কেল<br>টা: ৮,২৫০-২০,০১০/- | ০৩<br>(তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী। | |

**আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী**

০১. ০১/০৭/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা:
(ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১/০৭/২০২২ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছর।
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

০২. শুধু বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন।

০৩. কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হবেন না যদি তিনি-
(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন এবং
(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

০৪. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

০৬. প্রার্থীদের বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৭. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮. সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

০৯. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং অনলাইনে পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও ভিডিপি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১০. কেউ প্রকৃত তথ্য ও যোগ্যতা গোপন করে অথবা ভুল/ মিথ্যা তথ্য দিয়ে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। ব্যবহারিক/বাছাই/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

১৩. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৪. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীগণ http://mcd.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ: (১) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১ আগস্ট ২০২২ সকাল ১০.০০ টা হতে (২) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫ আগস্ট ২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০*প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০*প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সবোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে ১-১১ নং ক্রমিকের পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১২-১৬ নং ক্রমিকের পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এ সার্ভিস চার্জ ৬/- টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: MCD <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : MCD ABCD Reply : Addressing Appicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay
fee Type MCD <space> YES <space> PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: MC D<space> YES <space> PIN লিখে Send করতে হবে ১৬২২২.

Example : MCD YES xxxxxxxx Reply : Congratulation Applicant's Name, payment completed successfully for MCD application for the post of xxx, User Id: (xxx) and Password (xxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mcd.teletalk.com.bd অথবা গণযোগাযোগ অধিদপ্তরের ওয়েবসাইটে http://masscommunication.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Passward ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে : MCD <space> Help <space> User <space> User ID & Send to 16222.
Example : MCD HELP user ABCD & send to 16222.

ii. PIN নাম্বার জানা থাকলে : MCD <space> Help <space> PIN <space> PIN NO : MCD Help PIN 1234567 and send to 16222.

ঝ. Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ইমেইল যোগাযোগ করা যাবে।

**বি.দ্র: একাধিক পদের পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হতে পারে। বিধায় প্রার্থীগণকে একাধিক পদে আবেদন করার ব্যাপারে নিরুৎসাহিত করা হলো।**

25/07/2022
**(ফারহানা রহমান)**
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০।